

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিবহন পুল ভবন (৯ম তলা)  
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
www.orgbdr.gov.bd

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩১.০৭২.২০২২- ৪৬

তারিখ: ০৩ শ্রাবণ ১৪৩০  
১৮ জুলাই ২০২৩

**বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের প্রমিত ও অভিন্ন টেমপ্লেট ব্যবহারকরণ।**

জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ তে সংযুক্ত ফরমেটে দেয়া হয় (নমুনা সনদ, সংযুক্ত-১)। এখন সনদের মানোন্নয়ন, নিরাপত্তা বিধান এবং অভিন্নকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদে আধুনিক বৈশিষ্ট্য সংযোজন করা হয়েছে। ইহা BDRIS সফটওয়্যারে সন্নিবেশ করা হয়েছে।

**নতুন টেমপ্লেট এর বৈশিষ্ট্য:**


- ❖ সনদের শীর্ষদেশে বাংলাদেশ সরকারের লোগো এবং মাঝখানে জলছাপে এ অফিসের লোগো;
- ❖ পূর্ব সনদের তথ্য অপরিবর্তিত রেখে QR Code এবং Bar Code সংযোজন;
- ❖ QR Code এ সনদের সত্যতা যাচাই লিংক এবং Bar Code এ জন্ম ও মৃত্যু নিবন্ধন নম্বর;
- ❖ একই সনদে বাংলা, ইংরেজি উভয় ভাষায় ব্যক্তির তথ্য;
- ❖ সনদে শুধুমাত্র নিবন্ধক ও নিবন্ধন সহকারীর স্বাক্ষরের সংস্থান (স্থান সংকুলানে শুধু ইংরেজিতে)।

০২। পরিবর্তিত জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের নতুন টেমপ্লেটটি আগামী ২৫/০৭/২০২৩ তারিখ থেকে BDRIS এ থাকবে এবং এ টেমপ্লেটে সকল নিবন্ধক অফিস হতে সনদ মুদ্রিত হবে।

০৩। ইহা তাঁর সদয় অবগতি এবং তাঁর আওতাধীন সকল নিবন্ধক কার্যালয়কে অবহিত করা এবং এর ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**

- ১) জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ অনুসারে সনদ;
- ২) নতুন জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদের টেমপ্লেট।

  
মোঃ রাশেদুল হাসান  
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)  
জন্ম ও মৃত্যু নিবন্ধন  
ফোন: ০২২২৩৩৮৬৬০৬  
ই-মেইল- rg@orgbdr.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৩. মহাপরিচালক (কনসুলার এবং ওয়েলফেয়ার), কনসুলার এবং ওয়েলফেয়ার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়;
৪. জেলা প্রশাসক (সকল);
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল);
৬. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল);
৭. সচিবের একান্ত সচিব, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. জনাব ফাহিমদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পত্রটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পিএ টু উপরেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, (উপরেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)।



